সাপ্তাহিক চাকরির খবর

লক্ষ বেকারের প্রিয় পত্রিকা

পুরো সপ্তাহের চাকরির খবর

T.M

প্রতিষ্ঠাতা ঃ মরহুম জাকির হোসেন

আসল চাকরির খবর পত্রিকা কেনার সময় ট্রেড মার্ক দেখে কিনুন রেজি নং: ডিএ নং-১৮০৩□২৮ তম বর্ষ□২১ তম সংখ্যা□শুক্রবার□০৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.□২৪ মাঘ ১৪৩১□০৮ শাবান ১৪৪৬□পৃষ্ঠা-৪, মূল্য-১০ টাকা মাত্র। www.fb.com/sckpl.jakir

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স

পদ সংখ্যা ১৫১ জন

সূত্র: ৩০.৩৮.০০০০.০৭৩.২৯.০০০.২৫/৫৯ তারিখঃ ৩০/০১/২০২৫

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. জুনিয়র অপারেটর জিএসই (ক্যাজুয়াল) ১১০০০-২৬৫৯০/-	৮১ জন	এইচএসসি বা সমমান পাস। বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি কর্তৃক পেশাদার লাইসেন্স। যানবাহন চালনায় ৩ বছরের অভিজ্ঞতা।
২. জুনিয়র মেকানিক জিএসই ১১০০০-২৬৫৯০/-	৪১ জন	মেকানিক্যাল/মেকাট্রোনিক্স এর উপর ০৪ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি। এসএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৩.০ (৫ এর মধ্যে)। ও-লেভেলে পড়ে যে কোনো ৫টি বিষয়ে সি এবং ডিপ্লোমাতে ২.৮ (৪ এর মধ্যে) থাকতে হবে। কম্পিউটার চালনায় জ্ঞান অবশ্যই থাকতে হবে।
৩. জুনিয়র ইলেকট্রিশিয়ান জিএসই ১১০০০-২৬৫৯০/-	৩০ জন	ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/ পাওয়ার/ মেকাট্রোনিক্স এর উপর ০৪ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি। ১) এসএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৩.০ (৫ এর মধ্যে)। ও-লেভেলে পড়ে যে কোনো ৫টি বিষয়ে সি এবং ডিপ্লোমাতে ২.৮ (৪ এর মধ্যে)। কম্পিউটার চালনায় জ্ঞান অবশ্যই থাকতে হবে।

শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি: সকল পদে বয়সসীমা ০৪-০২-২০২৫ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর। এসএসসি পাশের সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারিত হবে। ক্রমিক নং ১ এর বর্ণিত পদের নির্বাচিত প্রার্থীগণ ৮৯ দিন ভিত্তিতে (শর্তসাপেক্ষে নবায়নযোগ্য) নিয়োগ প্রাপ্ত হবেন। ক্রমিক নং ২ ও ৩ এর বর্ণিত পদে নির্বাচিত প্রার্থীগণ প্রাথমিকভাবে ০৩ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত হবেন। সন্তোষজনক ০৩ বছর চুক্তিভিত্তিক চাকুরি সম্পন্নের পর যোগদানের তারিখ হতে স্থায়ীভাবে আত্মীকরণ করা হবে। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ওয়েবসাইটে www.biman.gov.bd এবং www.biman-airlines.com প্রকাশ করা হবে। বিমান কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং পদের নাম সংশোধন/পরিবর্তন, পরীক্ষার সময়-সূচি পরিবর্তন এবং নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে/অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভিন্ন পদসমূহের নিয়োগ পরীক্ষা একইদিনে অনুষ্ঠিত হতে পারে।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

পদ সংখ্যা ৬৬ জন

স্মারক নং-৫০.০১.০০০০.১০৩.১১.০০২.২০-৫৪ তারিখঃ ২৯/০১/২০২৫

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. এসিস্ট্যান্ট ডাইরেক্টর, ২২০০০-৫৩০৬০/-	০২ জন	দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।
২. এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), ২২০০০-৫৩০৬০/-	০২ জন	সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি।
৩. সহকারী প্রোগ্রামার ২২০০০-৫৩০৬০/-	০১ জন	কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।
৪. এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার ২২০০০-৫৩০৬০/-	০১ জন	কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি।
৫. এস্টিমেটর/ সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), ১৬০০০-৩৮৬৪০/-	২ জন	সিভিল এ ০৪ বৎসর মেয়াদি ডিপ্লোমা।
৬. কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	০৭ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং কম্পিউটার মুদ্রাক্ষরে গতি বাংলায় ২০ ও ইংরেজি ৩০ শব্দসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ।
৭. সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	০৩ জন	দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। সাঁটলিপি গতি বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে গতি বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ।
৮. কানুনগো, ১১০০০-২৬৫৯০/-	০১ জন	৪ বৎসর মেয়াদি সার্ভে (জরিপ) ডিপ্লোমা।
৯. সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	১১ জন	দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। সাঁটলিপি গতি বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে গতি বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ।
১০. ক্যাশিয়ার ১০২০০-২৪৬৮০/-	০১ জন	ব্যবসায় শিক্ষা বিভাগে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং হিসাব ও অডিটে ২ বছরের চাকরির অভিজ্ঞতা।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

বর্ডার গার্ড বাংলাদেশ

ডিজিটাল পদ্ধতিতে ১০৪তম ব্যাচে সিপাহী(জিডি) পদে পুরুষ ও মহিলা প্রার্থী ভর্তির বিজ্ঞপ্তি

শারীরিক মান (ন্যূনতম)		
শারীরিক যোগ্যতা	পুরুষ প্রার্থীর জন্য	মহিলা প্রার্থীর জন্য
উচ্চতা	১.৬৭৬ মিটার (৫'-৬") ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ১.৬২৫ মিটার (৫'-৪")	১.৫৭৪ মিটার (৫'-২") ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ১.৫২৪ মিটার (৫'-০")
ওজন*	৪৯.৮৯৫ কেজি (১১০ পাউন্ড) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ৪৭.১৭৩ কেজি (১০৪ পাউন্ড)	৪৭.১৭৩ কেজি (১০৪ পাউন্ড) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ৪৩.৫৪৪ কেজি (৯৬ পাউন্ড)
বুক	স্বাভাবিক ৮১.২৮ সেঃ মিঃ (৩২ ইঞ্চি) স্ফীত ৮৬.৩৪ সেঃ মিঃ (৩৪ ইঞ্চি); ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ৭৬.২০ সেঃ মিঃ (৩০ ইঞ্চি) স্ফীত ৮১.২৮ সেঃ মিঃ (৩২ ইঞ্চি)	স্বাভাবিক ৭১.১২ সেঃ মিঃ (২৮ ইঞ্চি) স্ফীত ৭৬.২০ সেঃ মিঃ (৩০ ইঞ্চি)
দৃষ্টিশক্তি	পুরুষদের ক্ষেত্রে ৬/৬	মহিলাদের ক্ষেত্রে ৬/৬

শর্তাবলী ঃ শিক্ষাগত যোগ্যতা : এসএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৩.০০ এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে (পুরুষ ও মহিলা প্রার্থী উভয়ের জন্য প্রযোজ্য)। **বয়সসীমা ঃ** ০৩-৮-২০২৫ তারিখে বয়স ১৮ হতে ২৩ বছর (জন্ম তারিখ ০৪-৮-২০০২ হতে ০৩-৮-২০০৭ এর মধ্যে হতে হবে)। বয়স গণনার ক্ষেত্রে এফিডেভিট গ্রহণ যোগ্য নয় (পুরুষ ও মহিলা প্রার্থী উভয়ের জন্য প্রযোজ্য)। **বেতন স্কেল ঃ** জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৯০০০-২১৮০০/- টাকা। তৎসহ বাড়ি ভাড়া, বাসস্থান এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সুবিধাদি। **বৈবাহিক অবস্থা:** অবিবাহিত (তালাকপ্রাপ্ত গ্রহণযোগ্য নহে)। অত্র বাহিনীর জনবল হ্রাস/বৃদ্ধির উপর ভিত্তি করে মহাপরিচালক (নিয়োগকারী কর্তৃপক্ষ) ভর্তির আসন সংখ্যা কম/বেশী এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। সকল জেলাসমূহ হতে সিপাহী (জিডি) পদে পুরুষ ও মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন। আসন সংখ্যা সীমিত। **রেজিস্ট্রেশন ঃ বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ১, ২ ও ৩ অনুযায়ী আগ্রহী যোগ্য পুরুষ ও মহিলা** প্রার্থীগণ https://joinborderguard.bgb.gov.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে ০৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ ১০০০ ঘটিকা হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ ২৪০০ ঘটিকা পর্যন্ত অনলাইনে আবেদনের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবেন।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি

পদ সংখ্যা ৬১ জন

Memo No. 27.24.0000.016.11.001.25.150 Date: 04/02/2025

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
1. Assistant Manager (Finance), DESCO Pay Grade-7	০৩ জন	Master Degree in Commerce /Finance/ Accounting/ MBA from any recognized university. No third Division/Class at any stage of academic career shall be acceptable. Grading systemCGPA 3.5 on a scale of 5.0 and CGPA 2.5 on a scale of 4.0
2. Sub-Assistant Engineer (Electrical-20; Mechanical-07; Computer-03), DESCO Pay Grade-8	৩০ জন	At least Diploma in Electrical/ Mechanical/ Computer from any recognized educational Institution. No third Division/Class at any stage of academic career shall be acceptable. Grading system must possess at least a CGPA 3.5 on a scale of 5.0 and CGPA 2.5 on a scale of 4.0.
3. Junior Assistant Manager (Admin), DESCO Pay Grade-8	১১ জন	Graduate Degree in HR/Management or any other relevant subject from any recognized university. No third Division/Class at any stage of academic career shall be acceptable. Grading system must possess at least a CGPA 3.5 on a scale of 5.0 and CGPA 2.5 on a scale of 4.0
4. Junior Assistant Manager (Finance), DESCO Pay Grade-8	১৭ জন	Graduate Degree in Commerce /Finance/ Accounting/ MBA from any recognized university. No third Division/Class at any stage of academic career shall be acceptable. Grading system must possess at least a CGPA 3.5 on a scale of 5.0 and CGPA 2.5 on a scale of 4.0

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

পদ সংখ্যা ৩৫ জন

স্মারক নং-৫-১(৮)/ ১৭৬৪ (১৫০)/সা. তারিখঃ ০২/০২/২০২৫

হলের নাম, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল: বাবুর্চি, ৮৫০০-২০৫৭০/-	০১ জন	৮ম শ্রেণি
২. জননেত্রী শেখ হাসিনা হল: বাবুর্চি, ৮৫০০-২০৫৭০/-	০১ জন	৮ম শ্রেণি
৩. এ.এফ. রহমান হল: ভোজনালয় সহকারী, ৮২৫০-২০০১০/-	০৩ জন	৮ম শ্রেণি
৪. আলাওল হল: প্রহরী, ৮২৫০-২০০১০/-	০১ জন	৮ম শ্রেণি
৫. শাহ আমানত হল : ঝাড়ুদার-০১; ভোজনালয় সহকারী-০১; সহকারী বাবুর্চি-০১; প্রহরী-০১: ৮২৫০-২০০১০/-	০৫ জন	এসএসসি ও ৮ম শ্রেণি
৬. শহীদ আবদুর রব হল: সিকরুম বিয়ারার, ৮২৫০-২০০১০/-	১ জন	এসএসসি
৭. মাস্টারদা সূর্যসেন হল: ঝাড়ুদার, ৮২৫০-২০০১০/-	১ জন	৮ম শ্রেণি
৮. পরিবহন দপ্তর: বাস কন্ডাক্টর, ৮২৫০-২০০১০/-	১ জন	৮ম শ্রেণি
৯. রেজিস্ট্রার অফিস (এস্টেট শাখা), কার্পেন্টার, ৮২৫০-২০০১০/-	১ জন	৮ম শ্রেণি
১০. চারুকলা ইনস্টিটিউট: স্টুডিও বিয়ারার, ৮২৫০-২০০১০/-	১ জন	৮ম শ্রেণি
১১. ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস : মালী-১টি; অফিস পিয়ন-১টি; ক্লাস এটেনডেন্ট-১টি, ৮২৫০-২০০১০/-	০৩ জন	এসএসসি ও ৮ম শ্রেণি
১২. চাকসু কেন্দ্র: ভোজনালয় সহকারী-১টি; নাস্তার সহকারী-১টি, ৮২৫০-২০০১০/-	০২ জন	৮ম শ্রেণি
১৩. শামসুন নাহার হল: অফিস এটেনডেন্ট, ৮২৫০-২০০১০/-	০১ জন	এসএসসি
১৪. দেশনেত্রী বেগম খালেদা জিয়া হল: মশালচি, ৮২৫০-২০০১০/-	০১ জন	৮ম শ্রেণি
১৫. কলা ও মানববিদ্যা অনুষদ: অফিস পিয়ন ৮২৫০-২০০১০/-	০১ জন	এসএসসি
১৬. শাহজালাল হল: ভোজনালয় সহকারী-১টি; প্রহরী-১টি, ৮২৫০-২০০১০/-	০২ জন	এসএসসি
১৭. ব্যবসায় প্রশাসন অনুষদ: মেসার কাম ঝাড়ুদার, ৮২৫০-২০০১০/-	০১ জন	৮ম শ্রেণি
১৮. কেন্দ্রীয় জামে মসজিদ: খাদেম, ৮২৫০-২০০১০/-	০১ জন	৮ম শ্রেণি
১৯. একাউন্টিং বিভাগ: অফিস পিয়ন, ৮২৫০-২০০১০/-	০১ জন	এসএসসি
২০. উদ্ভিদ বিজ্ঞান বিভাগ: মালী-১টি; নার্সারী সহকারী-১টি, ৮২৫০-২০০১০/-	০২ জন	৮ম শ্রেণি
২১. প্রাণিবিদ্যা বিভাগ: ল্যাবরেটরী এটেনডেন্ট, ৮২৫০-২০০১০/-	০২ জন	এসএসসি
২২. চ.বি. চিকিৎসা অনুষদ: অফিস পিয়ন, ৮২৫০-২০০১০/-	০১ জন	এসএসসি

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

পদ সংখ্যা ৫২ জন

স্মারক নং-৪৬.০৩.২৬০০.০৮১.১১.২৩৩.১৮-৫৩৮ তারিখঃ ২৮/০১/২০২৫

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	৫২ জন	স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়: প্রার্থীকে http://dphe.teletalk.com.bd এই লিংকে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র অনলাইনে পূরণ করে আবেদন করতে হবে। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী : আবেদনের সময়সীমা নিম্নরূপঃ Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়:২৯.০১.২০২৫ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা, Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ২৭.০২.২০২৫ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের জন্য (অফিস সহায়ক) সার্ভিস চার্জসহ মোট ৫৬/- টাকা টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

১০০ টাকার ১১৮তম প্রাইজবন্ডের ফলাফল

অদ্য ১৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/০২ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে ঢাকা বিভাগের বিভাগীয় কমিশনার অফিসের স্থানীয় সরকার বিভাগ ঢাকা-এর জনাব শরফ উদ্দিন আহমদ চৌধুরী-এর সভাপতিত্বে ঢাকা বিভাগীয় কমিশনার অফিসের সম্মেলন কক্ষে ১০০/- (একশত) টাকা মূল্যমান বাংলাদেশ প্রাইজবন্ডের ১১৮তম 'ড্র' অনুষ্ঠিত হয়।

প্রথম পুরস্কার ঃ ছয় লাখ টাকা, নম্বর-০৬০৩৯০৮

দ্বিতীয় পুরস্কার ঃ ৩ লাখ ২৫ হাজার টাকা, নম্বর-০৮২৯৩২০

তৃতীয় পুরস্কার ২টি ঃ ১ লাখ টাকা, নম্বর-০১৬৭৭১৯ ও ০৩৩৪৬৭০

চতুর্থ পুরস্কার ২টি ঃ ৫০ হাজার টাকা, নম্বর-০২০৩৬০৭ ও ০২১৯১৮৫

পঞ্চম পুরস্কার ১০ হাজার টাকা করে মোট ৪০টি

০০১২৪৭০	০০১৭০৬০	০০২৩২১২	০০৫৩৩৭৪	০০৬৭৯২৯	০০৯৫২৮৬	০১০৪৪০৯	০২০৫০৬০
০২০৮৬৩৯	০২৩৮৫২২	০২৪৩৫০৪	০২৫৩২০১	০২৭৫৬৩৮	০৩৩৬৯১৭	০৩৪৭০০৩	০৩৬৪২০২
০৩৮৪৪৬৫	০৪৩৩২৯৩	০৪৬৬১২৬	০৫১৬০০৩	০৫২২২৭৯	০৫৩৭৬০৪	০৫৭৬২৬২	০৫৮৩৫৪৭
০৬০৬১১৮	০৬০৬৮৭৭	০৬৫১৫৫২	০৬৫৫৯৯০	০৬৬৩০৭৫	০৬৮০০৪১	০৬৮০৬২১	০৬৯৩২৫১
০৭২২৩৪৮	০৭৪৪৮০২	০৭৪৭৮৬৩	০৭৮৭৪৮৯	০৮১৫৬২৩	০৮৬০৮০১	০৯৩২৮৮৭	০৯৩৯৯২৫

উল্লেখ্য, 'ড্র'-এর নির্ধারিত তারিখ হইতে ৬০ (ষাট) দিন পূর্বে (বিক্রয়ের তারিখ ধরিয়া এবং 'ড্র'-এর তারিখ বাদ দিয়া) যে সমস্ত প্রাইজবন্ড বিক্রয় হইয়াছে, সেইগুলি এই 'ড্র'-এর আওতায় আসিবে। প্রসঙ্গত, আয়কর আইন ২০২৩-এর ১১৮ ধারার নির্দেশনা অনুযায়ী প্রাইজবন্ড পুরস্কারের অর্থ হইতে ২০% হারে উৎসে কর কর্তন করিবার বিধান রহিয়াছে। **সূত্র : বাংলাদেশ ব্যাংক ওয়েবসাইট**

গ্রামীণ 4G নেটওয়ার্ক-এ-নিয়োগ

মোট পদ সংখ্যা ৯০০ জন

পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন
১.এরিয়া ম্যানেজার	১০০জন	বিএ। নিজ জেলা ১১৮ জন	বেতন- ৪২,৫০০/-
২.অডিট অফিসার	১৮০ জন	এইচএসসি /এসএসসি সমমান। নিজ থানা	বেতন- ৩৫,৫০০/-
৩.ইনচার্জ অফিসার	২১০ জন	এইচএসসি /এসএসসি /সমমান। নিজ থানায় দায়িত্ব মোতাবেক কাজ করতে হবে।	বেতন-৩২,৫৫০/-
৪. টাওয়ার সুপারভাইজার	২৪০ জন	এসএসসি/দাখিল/সমমান। নিজ থানা দায়িত্ব মোতাবেক কাজ করতে হবে।	বেতন-২৭,৭৫০/-
৫.ড্রাইভার	১৭০ জন	এসএসসি/অষ্টম শ্রেণী	বেতন- ২৮,৫০০/-

স্মারক নং:জি/পি/০০২০৩৪০ সরাসরি গ্রামীণ 4G নেটওয়ার্ক শক্তিশালী করার জন্য কিছু সংখ্যক পুরুষ/মহিলা নিয়োগ করা হবে। সুবিধাঃ চাকরি শেষে পেনশন ছাত্র-ছাত্রীদের পড়াশোনা করার জন্য সুযোগ রয়েছে। কর্মসময় সকাল ১০ হইতে বিকেল ৫ পর্যন্ত। শুক্র ও শনিবার অফিস বন্ধ থাকিবে। **আবেদনের নিয়মাবলীঃ** আগ্রহী প্রার্থীদের ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ আগামী ২০/০২/২০২৫ইং তারিখের মধ্যে ও দরখাস্তে পদের নাম ও মোবাইল নম্বর সহ শুধুমাত্র ই-মেইলে আবেদন পাঠাতে হবে। সর্বনিম্ন বয়স ১৮ বছর পর্যন্ত আবেদন করতে পারবেন। কাজের সুবিধার্থে ফ্রি মোবাইল ফোন প্রদান করা হবে। ল্যাবটপ ও মোটর সাইকেল প্রদান করা হবে। স্থায়ীভাবে ১৮ বছর পর্যন্ত চাকরি করতে পারবেন। বিঃদ্রঃ মহিলা/উপজাতি প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। মোবাইল: 01306-101782

বরাবর ,পরিচালক প্রধান কার্যালয় " গ্রামীণ 4G নেটওয়ার্ক "

অফিস: রোড-২২২, বাড়ি-৩২৪, নতুন বাজার, বারিধারা, ঢাকা-১২১২। সূত্র: দৈনিক আলোর দিশা ০৬/০২/২৫ইং

ই-মেইল: gp4gnet77@gmail.com

বাংলাদেশ সেনাবাহিনী

আইএসপিআর/সেনা/১৫, তারিখ ঃ ০৯/০১/২০২৫

৬১তম বিএমএ স্পেশাল (সিগন্যালস/ইএমই/এইসি), ৫৪তম বিএমএ স্পেশাল (আরভিএন্ডএফসি) এবং ৩৮তম বিএমএ স্পেশাল (জেএজি)

শারীরিক মান (ন্যূনতম)		
শারীরিক যোগ্যতা	পুরুষ প্রার্থীর জন্য	মহিলা প্রার্থীর জন্য
উচ্চতা	১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি)	১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি)
ওজন*	৫৪.০০ কেজি (১২০ পাউন্ড)	৪৬.০০ কেজি (১০০ পাউন্ড)
বুক	স্বাভাবিক-০.৭৬ মিটার(৩০ ইঞ্চি) প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)	স্বাভাবিক-০.৭১ মিটার (২৮ ইঞ্চি) প্রসারণ-০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)
উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্র বাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবেন।		

যোগ্যতা ঃ বয়স: ০১ জানুয়ারি ২০২৬ তারিখে অনূর্ধ্ব ২৮ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)। **শিক্ষাগত যোগ্যতা ঃ** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নবর্ণিত কোরসমূহে বর্ণিত যোগ্যতা সাপেক্ষে আবেদন করতে পারবেন: ক। **সিগন্যালস কোর পুরুষ** : (১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক : (ক) জাতীয় মাধ্যম- এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.৫০। (খ) ইংরেজি মাধ্যম - 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ২টিতে 'এ' গ্রেড, ৩টিতে 'বি' গ্রেড ও ১টিতে 'সি' গ্রেড এবং এ লেভেলে ২টি বিষয়েই 'বি' গ্রেড। (২) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই)/ইলেকট্রিক্যাল ইলেকট্রনিকস্ এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইইসিই)/ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই)/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিষয়ের উপর বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)। খ। **ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইএমই) কোর - পুরুষ** : (১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক : (ক) জাতীয় মাধ্যম- এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.৫০। (খ) ইংরেজি মাধ্যম - 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ২টিতে 'এ' গ্রেড, ৩টিতে 'বি' গ্রেড ও ১টিতে 'সি' গ্রেড এবং এ লেভেলে ২টি বিষয়েই 'বি' গ্রেড।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

সাপ্তাহিক চাকরির সংবাদ পত্রিকায় চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
সার্কুলেশন ম্যানেজার-১ জন বেতন: আলোচনা সাপেক্ষে	ন্যূনতম এস.এস.সি পাস। কম্পিউটার টাইপিংয়ে বাংলায় মিনিটে ২০ শব্দ ও ইংরেজীতে মিনিটে ২০ শব্দ গতির পারদর্শী হতে হবে।

আগ্রহী যোগ্য প্রার্থীদের আগামী ২৮/০২/২০২৫ইং তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র, ছবিসহ বায়োডাটা ডাকযোগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। ২৯/এফ, দৈনিক বাংলা মোড়, মহানগর অনুবাদের ৫ম তলা, মতিঝিল ঢাকা।

ইমেইল: saptahicchakrirsongbad@gmail.com

বাংলাদেশ শিশু একাডেমি

পদ সংখ্যা ৮৩ জন

স্মারক নং। ৩২.০৩.০০০০.৪০২.২৫.০০১.২৪-৪১৬ তারিখঃ২৯/০১/২০২৫

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা
বিভিন্ন বিষয়ের জন্য ক্লাসভিত্তিক ৬৬ জন খন্ডকালীন প্রশিক্ষক	
১. উচ্চাঙ্গ সংগীত	০২ জন
২. রবীন্দ্র সংগীত	০২ জন
৩. নজরুল সংগীত, দেশাত্মবোধক সংগীত ও আধুনিক সংগীত	১০ জন
৪. লোকসংগীত	০৪ জন
৫-৭. ভরতনাট্যম-১; কথক নৃত্য-১; মণিপুরী নৃত্য-১	০৩ জন
৮. সৃজনশীল ও লোকনৃত্য	০৬ জন
৯. কম্পিউটার (বেসিক ট্রেইনিং)	০১ জন
১০. কম্পিউটার স্কিল ডেভেলপমেন্ট : ফ্রিল্যান্সিং ও গ্রাফিক্স ডিজাইন	০১ জন
১১-১৩. গিটার-৩; তবলা-২; বেহালা-১	০৬ জন
১৪. ইংরেজি ভাষা শিক্ষা	০৩ জন
১৫. সুন্দর হাতের লেখা	০২ জন
১৬. আবৃত্তি ও উপস্থাপনা শৈলী	০৭ জন
১৮-২০. দাবা-১; নাট্যকলা-২; বাঁশি-১	০৪ জন
খন্ডকালীন তালযন্ত্র সহকারী : তবলা	১৬ জন

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

জেলা প্রশাসক ভোলা

পদ সংখ্যা ৩৭ জন

স্মারক নম্বর-০৫.১০.০৯০০.০০৪.০৩.০১২.১৫-১৪৮ তারিখঃ ০২/০২/২০২৫

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এবং অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ		
১. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	১৬ জন	এসএসসি বা সমমানের পরীক্ষার উত্তীর্ণ এবং তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষার উত্তীর্ণ।
২. নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/-	০৫ জন	এসএসসি বা সমমান পাস। সুস্বাস্থ্যের অধিকারী এবং তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষার উত্তীর্ণ।
৩. পরিচ্ছন্নতাকর্মী ৮২৫০-২০০১০/-	১০ জন	জেএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। মোট পদের শতকরা ৮০ ভাগ পদ জাত হরিজন।
৪. মালি ৮২৫০-২০০১০/-	১০ জন	জেএসসি বা সমমানের পরীক্ষার উত্তীর্ণ এবং তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষার উত্তীর্ণ।
৪. মালি ৮২৫০-২০০১০/-	০১ জন	জেএসসি বা সমমানের পরীক্ষার উত্তীর্ণ এবং তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষার উত্তীর্ণ।
সার্কিট হাউজ ভোলা		
৫. বেয়ারার ৮২৫০-২০০১০/-	০১ জন	এসএসসি বা সমমানের পরীক্ষার উত্তীর্ণ এবং তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষার উত্তীর্ণ।
৬. বাবুর্চি ৮২৫০-২০০১০/-	০১ জন	জেএসসি বা সমমান পাস। রান্নার কাজে ৫ বছরের অভিজ্ঞতা এবং তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৭. নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/-	০১ জন	এসএসসি বা সমমান পাস। সুস্বাস্থ্যের অধিকারী এবং তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষার উত্তীর্ণ।
৮. পরিচ্ছন্নতাকর্মী ৮২৫০-২০০১০/-	০১ জন	জেএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। মোট পদের শতকরা ৮০ ভাগ পদ জাত হরিজন।
৯. মালি ৮২৫০-২০০১০/-	০১ জন	জেএসসি বা সমমানের পরীক্ষার উত্তীর্ণ এবং তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষার উত্তীর্ণ।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

কমিউনিটি ক্লিনিক-এ চাকরি

মোট পদ সংখ্যা ১২১০ জন

স্মারক নং: ক/স্বা/প/প/কে/৯৩০৫ নিয়োগ-০১ তারিখ: ০৬/০২/২০২৫ইং

পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও বেতন
১.উপজেলা অফিসার	১৩৫ জন	বিএ/সমমান। শাখা অফিসের মাসিক প্রতিবেদন ও সকল কাজ পরিচালনা করতে হবে। বেতন-৩৫,৯৫০/-
২.পরিবার পরিকল্পনা পরিদর্শক	১৩০ জন	বিএ/এইচএসসি। শাখা অফিসে মাসিক প্রতিবেদন ও অফিসের সকল কাজ করার মন-মানসিকতা থাকতে হবে। বেতন-৩০,২৫০/-
৩.কমিউনিটি ম্যানেজার	১৫৫ জন	বিএ/এইচএসসি। দায়িত্ব মোতাবেক ইউনিয়ন পর্যায়ে সকল স্বাস্থ্য কর্মীদের পরিচালনা করতে হবে। বেতন-২৮,৫০০/-
৪.ইউনিট অফিসার	১৬৮ জন	এইচএসসি/সমমান। ফিল্ডের দায়িত্ব মোতাবেক মেডিকেল কার্ড প্রদানে সকল কার্যক্রম পরিচালনা করতে হবে। বেতন-২৬,৮০০/-
৫.প্রোগ্রাম অফিসার	১৪৪ জন	এইচএসসি/সমমান। নিজ থানায় কাজ করতে হবে। বেতন-২৫,২০০/-
৬.অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর	১৪৮ জন	এইচএসসি/সমমান। নিজ উপজেলা, ইউনিয়নে কাজ করতে হবে। বেতন-২৩,২৫০/-
৭.ইউনিয়ন কর্মকর্তা	১৭২ জন	এইচএসসি/এসএসসি। নিজ উপজেলা, ইউনিয়নে কাজ করতে হবে। বেতন-২২,১০০/-
৮.স্বাস্থ্যকর্মী	১৫৮ জন	এসএসসি/সমমান। স্বাস্থ্য কর্মী নিজ ইউনিয়ন ওয়ার্ডে কাজ করার মন-মানসিকতা থাকতে হবে। বেতন-২০,৫০০/-

কমিউনিটি ক্লিনিক এর মাধ্যমে আর্থ সামাজিক উন্নয়নে সারা দেশব্যাপী সকল জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সুবিধা বঞ্চিত নারী ও শিশু প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা, জাতীয় পুষ্টি উন্নয়ন, মা ও শিশু স্বাস্থ্য সেবা, ফ্যামিলি প্ল্যানিং, ডেঙ্গু প্রতিরোধ কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে কমিউনিটি স্বাস্থ্য ক্লিনিক/স্বাস্থ্য কেন্দ্রে কাজ করতে আগ্রহী বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হইতে নিম্নে উল্লেখিত ই-মেইলে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। **আবেদনের নিয়মাবলীঃ-** ১) আগ্রহী প্রার্থীদের এক কপি পাসপোর্ট সাইজ ছবি, মোবাইল নম্বর ও পদের নাম এবং জীবন বৃত্তান্তসহ **আগামী ২১/০২/২০২৫ইং তারিখের মধ্যে দরখাস্ত শুধুমাত্র নিম্নের ই-মেইলে পাঠাতে** হবে। বাছাইকৃত সকল প্রার্থীদের প্রশিক্ষণ ও কর্মস্থল নিজ জেলা/উপজেলা অফিসে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণের সময় মূল সনদপত্র দেখাতে হবে এবং একসেট ফটোকপি জমা দিতে হবে। ২) কর্মকর্তাদের কর্মক্ষেত্রে দুর্ঘটনা জনিত দৈনিক চিকিৎসা ভাতাসহ চার লক্ষ টাকার স্বাস্থ্য বীমা প্রদান করা হবে। ৩) সকল পদে পুরুষ/মহিলা ও উপজাতি উভয়েই আবেদন করতে পারবেন। ৪) সকল পদে মহিলা প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। **বিঃদ্রঃ কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।**

বরাবর, পরিচালক (স্বাস্থ্যসেবা বিভাগ) **"কমিউনিটি ক্লিনিক"**

প্রধান কার্যালয়- রোড-৭১, বাড়ি-২৩/৬/৫, গুলশান-২, ঢাকা-১২১২। সূত্র: দৈনিক আলোর দিশা ০৬/০২/২৫ইং

ই-মেইলঃ communityshasthobd@gmail.com

বন অধিদপ্তরে চাকরি

পদ সংখ্যা ৩৩৭ জন

স্মারক নম্বর ২২.০১.০০০০.০০৭.০৫.৩৯৪.২৫.১৫৩ তারিখঃ২৭/০১/২০২৫

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. ইঞ্জিন ড্রাইভার /ইঞ্জিনম্যান ১১৩০০-২৭৩০০/-	১৩ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং দ্বিতীয় শ্রেণির ইঞ্জিন ড্রাইভার যোগ্যতা সনদ।
২. গাড়ি চালক ৯৩০০-২২৪৯০/-	২৫ জন	অষ্টম শ্রেণি বা জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্স এবং হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শী।
৩. স্পিড বোট ড্রাইভার ৯৩০০-২২৪৯০/-	২৫ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং স্পিড বোট ড্রাইভার হিসেবে ০৩ বৎসরের অভিজ্ঞতা।
৪. বন প্রহরী ৯০০০-২১৮০০/-	২৮৬ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং উচ্চতা ১৬৩ সে. মি. ও বুকের মাপ ৭৬ সে. মি.।

নিয়োগ সংক্রান্ত শর্তাবলি ঃ আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনুসরণীয় শর্তাবলি: নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত সর্বশেষ সংশোধনী অনুসরণ করা হবে। সকল প্রার্থীর ক্ষেত্রে ০১/০১/২০২৫ খ্রি: তারিখে বয়স ১৮ হতে ৩২ বছর। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। **আবেদনপত্র গ্রহণ ও পরীক্ষার ফি জমা দেওয়ার শুরুর তারিখ ও সময় ২৯/০১/২০২৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকা। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় ০২/০৩/২০২৫ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা।** প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কোটা সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ জারিকৃত সরকারি নির্দেশনা অনুসরণ করা হবে।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

রাঙ্গামাটি মেডিকেল কলেজ

পদ সংখ্যা ১৬ জন

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৩.১১.০০১.২৫.১২০ তারিখঃ ০২/০২/২০২৫

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) ১২৫০০-৩০২৩০/-	০১ জন	এসএসসি/সমমান পাশসহ ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী(আই.এইচ.টি) হতে সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সসম্পন্ন।
২. মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) ১২৫০০-৩০২৩০/-	০৫ জন	এসএসসি/সমমান পাশসহ ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী(আই.এইচ.টি) হতে সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সসম্পন্ন।
৩. হেলথ এডুকেটর ১২৫০০-৩০২৩০/-	০১ জন	বিজ্ঞান বা জীব বিজ্ঞান অনুষদভুক্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের সিজিপিএ।
৪. সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	০১ জন	দ্বিতীয় শ্রেণী / সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা। সাঁটলিপি গতি ইংরেজিতে ৮০ ও বাংলায় ৫০ শব্দ; কম্পিউটার মুদ্রাক্ষরে গতি ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ।
৫. সহকারী লাইব্রেরীয়ান ১০২০০-২৪৬৮০/-	০১ জন	গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা।
৬. পরিসংখ্যানবিদ ১০২০০-২৪৬৮০/-	০১ জন	পরিসংখ্যান, গণিত বা অর্থনীতি বিষয়ে ন্যূনপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা।
৭. স্টোর কিপার ৯৩০০-২২৪৯০/-	০১ জন	স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৮. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	০২ জন	দ্বিতীয় শ্রেণী / সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষর লিখনে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ।
৯. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	০৩ জন	স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স

প্রথম পৃষ্ঠার পর

সেক্ষেত্রে প্রার্থীগণ নিজ দায়িত্বে একাধিক পদে আবেদন করবেন। প্রার্থী নির্বাচনে সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bbal.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। **আবেদনের সময়সীমা নিম্নরূপ: অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ০৪-০২-২০২৫ খ্রিঃ সকাল ১০:০০ টা। অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ০৫-০৩-২০২৫ খ্রি, বিকাল ০৫:০০ টা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং থেকে ৩নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ১১২/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: BBAL <Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: BBAL <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbal.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে নিম্নবর্ণিত সনদ/দলিল/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে:** (১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি, (২) প্রবেশপত্রের ফটোকপি, (৩) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, (৪) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, (৫) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (৬) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলরের প্রদত্ত সনদ, (৭) অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)। স্বাক্ষরিত/- মোঃ শফিকুল ইসলাম, ব্যবস্থাপক প্রশাসন, নিয়োগ শাখা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা, কুর্মিটোলা, ঢাকা-১২২৯। ফোন: ৮৯০১৬০০ এক্সঃ ২১৫৪, ২১৫৭। www.biman.gov.bd

সূত্র ঃ ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস ৩১/০১/২০২৫ পৃষ্ঠা-০৩

বর্ডার গার্ড বাংলাদেশ

প্রথম পৃষ্ঠার পর

আবেদন পদ্ধতি ঃ বিজিবি ই-রিক্রুটমেন্ট ওয়েবসাইট https://joinborderguard.bgb.gov.bd এ চলমান নিয়োগ বিজ্ঞপ্তি থেকে নিম্নবর্ণিত ০৬টি ধাপে আবেদন সম্পন্ন করতে হবে। ধাপ- ১। যোগ্যতা পরীক্ষা। নিয়োগ বিজ্ঞপ্তি হতে "আবেদন করুন" বাটনে ক্লিক করুন। আবেদনের পূর্বে আবেদন পদ্ধতির ধাপ গুলো ভালোভাবে পড়ুন। "এগিয়ে যান" বাটনে ক্লিক করুন। যোগ্যতা পরীক্ষা সংক্রান্ত সমস্ত প্রশ্নের সঠিক উত্তর দিন। **ধাপ- ২ : রেজিস্ট্রেশন :** আপনি যোগ্য হলে ব্যক্তিগত মোবাইল নম্বরটি দিন এবং যদি ইমেইল ঠিকানা থাকে দিন এরপর "এগিয়ে যান" বাটনে ক্লিক করুন। আপনার মোবাইলে প্রেরিত চার সংখ্যার ওটিপি (OTP) কোডটি লিখুন এবং "যাচাই করুন" বাটনে ক্লিক করুন। আপনার মোবাইল নম্বর যাচাই হয়ে গেলে রেজিস্ট্রেশনের জন্য সিস্টেম জেনারেটেড ইউজার আইডি ও পাসওয়ার্ড আপনার স্ক্রিনে দেখা যাবে। আপনার রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমেও ইউজার আইডি ও পাসওয়ার্ড পাঠানো হবে। এরপর নিচের "লগইন পেইজে যান" বাটনে ক্লিক করুন। **ধাপ-৩: আবেদন ফি জমা :** আপনার ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে "লগইন করুন" বাটনে ক্লিক করুন। ভর্তি কার্যক্রমের ফি প্রদান করতে ইচ্ছুক হলে "ফি প্রদান করুন" বাটনে ক্লিক করুন। আবেদন ফি বাবদ ৫৬/- টাকা পেমেন্ট করতে হবে। আপনার ব্যাংকিং কার্ড অথবা মোবাইল ব্যাংকিং এর সঠিক তথ্য প্রদান করে ডিজিটাল পদ্ধতিতে পেমেন্ট সম্পন্ন করুন। **ধাপ- ৪ : শিক্ষাগত যোগ্যতা যাচাই :** আপনার এসএসসি ও এইচএসসি সমমান পরীক্ষার তথ্য (শিক্ষা বোর্ড, পরীক্ষার বছর, রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর) প্রদান করে "যাচাই করুন" বাটনে ক্লিক করুন। আপনার দেয়া তথ্য সঠিক না হলে এসএসসি ও এইচএসসি সমমান পরীক্ষার সমস্ত তথ্য পুনরায় চেক করুন এবং সঠিক তথ্য প্রদান করুন। Technical Board এর যে সকল প্রার্থীদের রেজাল্ট অনলাইনে পাওয়া যায় না, সে সকল প্রার্থীগণকে আবেদনের সময় শিক্ষা বোর্ড (অন্যান্য) সিলেক্ট করতে হবে। **ধাপ- ৫ : ব্যক্তিগত তথ্য প্রদান ও ছবি আপলোড :** শিক্ষা সংক্রান্ত তথ্যগুলো সঠিক হলে আপনার নাম ও প্রয়োজনীয় তথ্য স্বয়ংক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে। ফরমে থাকা ইনপুট ফিল্ড গুলোতে ব্যক্তিগত তথ্য প্রদান করুন। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আপলোড করুন। "আমার দেওয়া সমস্ত তথ্য গুলো সঠিক" চেক বক্সে ক্লিক করে "পরবর্তী ধাপে যান" বাটনে ক্লিক করুন। তথ্যে কোন ভুল থাকলে "তথ্য পরিবর্তন করুন" বাটনে ক্লিক করে পুনরায় এডিট করুন। তথ্য যাচাই করুন, একবার তথ্য সাবমিট করার পরে তা আর পরিবর্তন করা যাবে না। সমস্ত তথ্য সঠিক থাকলে "আপনি কি আপনার তথ্য জমা দিতে চান" চেক বক্সে ক্লিক করে "সাবমিট করুন" বাটনে ক্লিক করুন। **ধাপ- ৬ : এডমিট কার্ড/প্রবেশপত্র ডাউনলোড :** এডমিট কার্ড/প্রবেশপত্রের জন্য অপেক্ষা করুন। পরীক্ষার পূর্বে এডমিট কার্ড/প্রবেশপত্র ডাউনলোডের জন্য আপনার দেয়া মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানানো হবে। বিজিবি ই-রিক্রুটমেন্ট ওয়েবসাইট https://joinborderguard.bgb.gov.bd তে আপনার ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে এডমিট কার্ড/প্রবেশপত্র ডাউনলোড করুন। এডমিট কার্ড/প্রবেশপত্রটি প্রিন্ট করে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে নিয়ে আসতে হবে। **মেডিক্যাল ও অন্যান্য পরীক্ষা গ্রহণ :** নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের পর্যায়ক্রমে প্রাথমিক ডাক্তারী পরীক্ষা, লিখিত পরীক্ষা, ব্যবহারিক এবং চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা গ্রহণ করা হবে। শুধুমাত্র নির্বাচিত প্রার্থীদেরকেই Fasting Sugar, HbA1C, HBsAg, Anti HCV, Serum Creatinine এবং Dope Test সম্পন্ন করানো হবে। উল্লেখ্য, Fasting Sugar, HbA1C & Serum Creatinine রক্ত পরীক্ষায় যোগ্য, HBs Ag ও Anti HCV রক্ত পরীক্ষায় নেগেটিভ (Negative) এবং Dope Test (Urine) পরীক্ষায় Not Detected ফলাফল প্রাপ্ত প্রার্থীগণই চূড়ান্তভাবে নির্বাচিত বলে গণ্য হবে। পরবর্তীতে সরকারের যথাযথ এজেন্সীর মাধ্যমে তদন্ত প্রতিবেদন (VR) সম্পন্ন হওয়ার পর সঠিক তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে। **ভর্তির সময় অবশ্যিকভাবে যা সংগে আনতে হবে :** ক। এসএসসি এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় পাসের মূল/প্রভিশনাল সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। খ। সংশ্লিষ্ট স্কুল/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পাসের প্রশংসাপত্র যাতে প্রার্থীর স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ উল্লেখ থাকবে। গ। অভিভাবকের অনুমতি পত্র যা সংশ্লিষ্ট চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক সত্যায়িত। ঘ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) এর নিকট হতে বাংলাদেশী স্থায়ী নাগরিকত্বের সনদপত্র। ঙ। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি। চ। সদ্য তোলা নীল ব্যাকগ্রাউন্ড সম্বলিত রঙ্গিন প্রিন্টকৃত ১১ কপি পাসপোর্ট সাইজের ছবি। (০১ কপি ছবি ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর দ্বারা সত্যায়িত এবং ১০ কপি সত্যায়িত ব্যতীত) ছ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত অবিবাহিত সনদপত্র। জ। জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি। ঝ। https://joinborderguard.bgb.gov.bd লিংকে প্রবেশ করে আপনার ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন। বিজিবি কর্তৃক প্রেরিত এডমিট কার্ড/ প্রবেশপত্রটি ডাউনলোড ও প্রিন্ট করে ভর্তির সময় অবশ্যই সংগে আনতে হবে। ঞ। https://www.bgb.gov.bd লিংকে প্রবেশ করে ডাউনলোড অপশনে গিয়ে বিজিবিতে ভর্তিচ্ছুক প্রার্থীদের তথ্যাদির ফরম এ ক্লিক করতে হবে এবং ফরমটি ডাউনলোড পূর্বক উক্ত ফরমে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পূরণ করতঃ ভর্তির সময় অবশ্যই সংগে আনতে হবে। **অন্যান্য: জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৩ জুলাই ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে। বিশেষ দ্রষ্টব্য :** আবেদনের সময় প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড অবশ্যই সংরক্ষণ করতে হবে। কোন প্রার্থী ফৌজদারী অপরাধে আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে বিজিবিতে চাকুরীর জন্য অযোগ্য হবে। কোন প্রার্থী স্থায়ী ঠিকানা গোপন করে ভর্তি হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ চাকুরী হতে 'বরখাস্ত করা হবে। বাংলাদেশ সশস্ত্র বাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার ও ভিডিপি অথবা প্রজাতন্ত্রের অন্য কোন চাকুরী হতে প্রাথমিক প্রশিক্ষণ বা চাকুরীরত অবস্থায় বহিষ্কৃত হলে সংশ্লিষ্ট প্রার্থী চাকুরীর জন্য অযোগ্য হবে। বিজিবি কর্তৃক প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড হারিয়ে/মুছে গেলে তা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। ভর্তির জন্য আগত প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার জন্য ক্লিপবোর্ড ও কলম সাথে আনতে হবে। পরীক্ষার সময় কোন প্রার্থী মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস সঙ্গে রাখতে পারবে না। ক। ভর্তি কার্যক্রমের সময় আপলোডকৃত ছবি সকল নথিপত্রের সাথে ব্যবহার করতে হবে। প্রার্থীর ডাক্তারী পরীক্ষার সময় Dope Test এ মাদকাসক্ত প্রমাণিত হলে চাকুরীর জন্য অযোগ্য হবে। নিয়োগের সময় দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অন্যান্য কাগজপত্র ও ঠিকানা পরবর্তীতে ভুয়া বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে শাস্তিমূলক ব্যবস্থার আওতায় চাকুরী হতে বরখাস্ত করে পুলিশের নিকট সোপর্দ করা হবে। বিজিবি ওয়েবসাইট। ভর্তি সংক্রান্ত কোন তথ্যাদি ওয়েবসাইটে জানতে হলে Visit Kizb https://joinborderguard.bgb.gov.bd **HELP DESK:** আবেদন সংক্রান্ত তথ্য অনুসন্ধানের জন্য **০৪ ফেব্রুয়ারি ২০২৫ হতে ১০ ফেব্রুয়ারি ২০২৫** তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ০৯০০ ঘটিকা হতে বিকাল ১৭০০ ঘটিকা পর্যন্ত ০১৬৬৯৯০০৮৩০, ০১৬৬৯৮০০৮৮৮ অথবা ০১২১৩০৩১৪৩৬ নম্বরে কল করুন। উপ মহাপরিচালক রেকর্ড উইং মহাপরিচালকের পক্ষে-বর্ডার গার্ড বাংলাদেশ। www.bgb.gov.bd

সূত্র ঃ যুগান্তর ০২/০২/২০২৫ পৃষ্ঠা-১৪

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

প্রথম পৃষ্ঠার পর

১১. একাউন্ট এসিস্ট্যান্ট ১০২০০-২৪৬৮০/-	০১ জন	ব্যবসায় শিক্ষা বিভাগে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বৎসরের অভিজ্ঞতা।
১২. ডাটা এন্ট্রি অপারেটর ৯৩০০-২২৪৯০/-	০১ জন	এইচএসসি বা সমমান পাস এবং কম্পিউটার মুদ্রাক্ষরে গতি বাংলায় ২০ ও ইংরেজি ২০ শব্দসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ।
১৩. অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	১৪ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে দক্ষতা এবং মুদ্রাক্ষরে গতিবাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ।
১৪. সার্ভেয়ার, ৯৩০০-২২৪৯০/-	০১ জন	সার্ভে (জরিপ) ডিপ্লোমা।
১৫. চেইনম্যান ৮২৫০-২০০১০/-	০২ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১৬. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	১৬ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

আবেদনের শর্ত ও পরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলী : ০১. সকল পদে ০১.০২.২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের দায়েরকৃত সিভিল আপীল নং ৪৬০/২০১৭ (সিভিল রিভিউ পিটিশন-১৮১/২০১৮) এর রায় অনুযায়ী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীন চলমান/সমাপ্ত প্রকল্পে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। মৌখিক পরীক্ষার সময় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীন চলমান/সমাপ্ত প্রকল্পের নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় ঐ আবেদন গ্রহণযোগ্য হবে না। মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে। ০৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে। নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২০ দ্বারা নিয়ন্ত্রিত হবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। **অনলাইনে আবেদন প্রক্রিয়া :** আবেদনপত্র দাখিলের সময়সীমা: **আগামী ০১.০২.২০২৫ তারিখ সকাল ১০.০০ টা থেকে ০২.০৩.২০২৫ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত; ফি জমাদানের শেষ সময়: আবেদনের পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টা।** আবেদনকারী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইট www.bba.gov.bd তে প্রবেশ করে e - Recruitment Menu অথবা https://eservice.bba.gov.bd/recruitment/ এর মাধ্যমে আবেদন করতে পারবেন। আবেদনপত্রে প্রার্থীকে তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৫০ kb-এর মধ্যে হতে হবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Auto Generated Registration Card পাবেন। সফলভাবে আবেদন করার পর আবেদনকারীর মোবাইলে এসএমএস-এ একটি User ID ও Password প্রেরণ করা হবে। উক্ত রেজিস্ট্রেশন কার্ডে ফি পরিশোধের নির্দেশনা দেয়া থাকবে। রেজিস্ট্রেশন কার্ডটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। প্রার্থীকে সফলভাবে আবেদনপত্র Submit করার ৭২) ঘন্টার মধ্যে SSLCOMMERZ ব্যবহার করে CARD/ MOBILE BANKING/ NET BANKING-এ পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) **ক্রমিক নং ০১ থেকে ০৫ পর্যন্ত প্রতিটি পদের জন্য ২০০ টাকা, ক্রমিক নং ০৬ থেকে ১৪ পর্যন্ত প্রতিটি পদের জন্য ১০০ টাকা এবং ক্রমিক নং ১৫ থেকে ১৬ পর্যন্ত প্রতিটি পদের জন্য ৫০ টাকা পরিশোধ করতে হবে।** অনগ্রসর নাগরিকদের জন্য প্রতিটি পদের জন্য ৫০ টাকা পরিশোধ করতে হবে। উল্লেখ্য, প্রতিটি পদের জন্য পরীক্ষা ফির সাথে অনলাইন ফি বাবদ ১০ টাকা অতিরিক্ত পরিশোধ করতে হবে। আবেদন করার ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে ফি পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। User ID ও Password দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট দিয়ে হতে পুনরুদ্ধার করতে পারবেন। **SSLCOMMERZ এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া:** ১ম ধাপ: আবেদনের ওয়েবসাইটের e-Recruitment Menu-এ ক্লিক করে লগইন অপশন Applicant Login' বাটনে ক্লিক করুন; ২য় ধাপ: User ID ও Password প্রদান করে Applicant Dashboard-এ প্রবেশ করুন; ৩য় ধাপ: 'Payment Information / Download Admit Card' মেনুতে ক্লিক করুন; ৪র্থ ধাপ: 'Pay Online' লিংক-এ ক্লিক করার পর একটি পপআপ উইন্ডো আসবে। পপআপ উইন্ডো এর 'CARD / MOBILE BANKING/NET BANKING' নির্বাচন করার পর স্ক্রিনে প্রদত্ত নির্দেশনা মোতাবেক তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে; ৫ম ধাপ: সফলভাবে ফি পরিশোধ হয়ে গেলে 'Transaction Successful Your Payment has been successfully completed...' মেসেজ দেখাবে এবং ৬ষ্ঠ ধাপ: আবেদনকারী প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Website (www.bba.gov.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (কেবল যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে। **মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;** ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে); ৩) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে); ৪) বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের সনদ হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত নাগরিকত্ব সনদ; ৫) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৬) কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের কপি; ৭) সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি; ৮) প্রবেশপত্র; ৯) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Website: www.bba.gov.bd তে পাওয়া যাবে। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইটে পাওয়া যাবে। স্বাক্ষরিত/- (এ এক এম তাজুল ইসলাম) উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২।

সূত্র : ইত্তেফাক ৩০/০১/২০২৫ইং পৃষ্ঠা-১৩

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে সরকারি সিদ্ধান্তনুসারে কোটা নির্ধারিত থাকবে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর অথবা চ.বি ওয়েবসাইট (https://web.cu.ac.bd/v2/) হতে ০১ কপি নমুনা ফরম সংগ্রহপূর্বক আগামী ২৫/০২/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:৩০ টা হতে দুপুর ৩:৩০ টা) বা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ০৬ কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১ কপি দরখাস্ত গ্রহণ করা হবে না। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছানো ঝুঁকিপূর্ণ বলে সরাসরি বা ডাকযোগে দরখাস্ত পাঠানোর জন্য পরামর্শ দেয়া হলো। মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে অন্যকোনো প্রতিষ্ঠানের শেষ মূল বেতন সনদ (এল.পি.সি) গ্রহণ করা হবে না। অগ্রণী ব্যাংকের যেকোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রামের ঠিকানায় প্রদেয় দরখাস্তের ফি বাবদ ৩০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ ও জাতীয়তা সনদের সত্যায়িত প্রতিলিপি অবশ্যই দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। প্রার্থী তাঁর আবেদনে কোন অর্জিত শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকুরি জীবনে কোন পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না। কোন দরের পদের জন্য আবেদন করছেন তা অবশ্যই উল্লেখ করতে হবে। প্রত্যেক পদের জন্য আলাদাভাবে দরখাস্ত জমা দিতে হবে। একটি দরখাস্তে একাধিক অফিস বা পদের নাম উল্লেখ করা যাবে না। ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত এবং উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্যকোনো ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবে না। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। স্বাক্ষরিত/- (প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম), রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

সূত্র ঃ ইত্তেফাক ০৩/০২/২০২৫ পৃষ্ঠা-০৪

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

প্রথম পৃষ্ঠার পর

প্রথম SMS: DPHE <Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: DPHE <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mora.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। **বয়সসীমা:** ২৮.০১.২০২৫ খ্রি. তারিখে আবেদনকারীর ন্যূনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। জাতীয়তা: প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে। **মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:** ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদপত্র এবং সত্যায়িত কপি ও সদ্য তোলা রঙিন ছবি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। খ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। গ) শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (প্রতিবন্ধী কার্ড) এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। ঙ) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উপরোল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষা সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। অনলাইন-এ পূরণকৃত মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীরা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটায় প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। স্বাক্ষরিত/- (শিশির কুমার বিশ্বাস), নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জরীপ অনুসন্ধান ও গবেষণা বিভাগ ও সদস্য-সচিব ৩য় ও ৪র্থ শ্রেণির পদে বাছাই/নির্বাচন ও পদোন্নতি কমিটি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি কাকরাইল, ঢাকা-১০০০।

সূত্র : ওয়েবসাইট : www.dphe.gov.bd

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি

প্রথম পৃষ্ঠার পর

